# বিভিন্ন বয়সে পাঠের দক্ষতা


## রচনা করেছেন আমান্ডা মোরিন


*শেখার পার্থক্য সম্পর্কে শিক্ষক এবং পরিবারবর্গকে, বিশেষজ্ঞ-পরীক্ষিত, প্রমাণ-ভিত্তিক সংস্থানগুলি প্রদান করতে আমরা Understood.org এর সাথে অংশীদারীত্ব করেছি।*

এমনকি অতি অল্পবয়সেও শিশু, বাচ্চারা পাঠের দক্ষতা গড়ে তোলে যা পড়তে শেখার ভিত তৈরি করে দেয়। এখানে বয়স অনুযায়ী পাঠ সংক্রান্ত কিছু মাইলফলকের তালিকা দেওয়া হলো। মনে রাখবেন যে শিশুরা তাদের নিজস্ব গতিতে পাঠের দক্ষতা অর্জন করে, তাই এই সময়সূচি পুরোপুরি নাও মিলতে পারে।

## অল্পবয়সী শিশু (বয়স 0–12 মাস)

- নরম কভারযুক্ত বই বা বোর্ড দিয়ে তৈরি বই হাত দিয়ে ধরার চেষ্টা শুরু করে
- বইতে থাকা ছবির দিকে তাকায় এবং সেগুলো স্পর্শ করে
- কূজন সুরে বা শব্দ করার মাধ্যমে একটি গল্পের বইয়ে সাড়া দেয়
- পৃষ্ঠা উল্টাতে সাহায্য করে

## হাঁটতে শেখা শিশু (বয়স 1–2 বছর)

- ছবির দিকে তাকায় এবং পরিচিত জিনিসের নাম বলে যেমন কুকুর, কাপ ও ছোটো শিশু
- সে বইতে যা দেখতে পাচ্ছে, সেই বিষয়ে জিজ্ঞেস করলে উত্তর দেয়
- প্রিয় বইগুলোর মলাট চিনতে পারে
- প্রিয় বইগুলোর শব্দগুলো বলে
- পৃষ্ঠা উল্টানো এবং গল্প বানানোর মাধ্যমে পড়ার ভান করতে শুরু করে

## স্কুলে ভর্তি হওয়ার আগের বয়সী শিশু (বয়স 3–4 বছর)

- বই ধরা ও সামলানোর সঠিক উপায় জানে
- শব্দগুলো বাদিক থেকে ডানদিকে পড়তে হয় এবং পৃষ্ঠাগুলোর উপর থেকে নিচের দিকে পড়তে হয় তা বুঝতে পারে
- **ছন্দ আছে** এমন শব্দগুলো লক্ষ্য করতে শুরু করে

 © 2023 Understood for All, Inc.

- গল্পগুলো পুনরায় বলে
- **বর্ণমালার প্রায় অর্ধেক বর্ণ চিনতে পারে**
- বর্ণের ধ্বনিগুলো বর্ণের সঙ্গে মেলাতে শুরু করে (যেমন b যে একটি /b/ ধ্বনি তৈরি করে তা জানা)
- প্রিন্টে নিজের নাম এবং প্রায়শই দেখতে পাওয়া শব্দ, যেমন সাইন ও লোগোতে থাকা শব্দগুলো চিনতে শুরু করতে পারে

## কিন্ডারগার্টেনে পড়া শিশু (বয়স 5 বছর)

- প্রতিটি বর্ণকে সেটির উচ্চারণের সাথে মেলায়
- মুখে বলা শব্দের শুরুর, মাঝের এবং শেষের ধ্বনি শনাক্ত করতে পারে, যেমন কুকুর বা বসা
- শুরুর ধ্বনি পরিবর্তন করে নতুন শব্দ বলতে পারে, যেমন ফল শব্দের 'ফ' এর জায়গায় 'ব' বসিয়ে বল
- শুনতে পাওয়া শব্দের সঙ্গে পৃষ্ঠায় দেখতে পাওয়া শব্দ মেলাতে শুরু করে
- সহজ শব্দগুলো উচ্চারণ করে
- কিছু শব্দ উচ্চারণ না করেই শুধু একনজরে দেখার মাধ্যমে চিনতে শুরু করে
- কোনো গল্প সম্পর্কে কে, কী, কোথায়, কখন, কেন, এবং কীভাবে ইত্যাদি প্রশ্ন জিজ্ঞেস করতে এবং উত্তর দিতে পারে
- শব্দ বা ছবি ব্যবহার করে ধারাবাহিকভাবে কোনো গল্প আবার বলতে পারে
- কোনো গল্পে এর পরে কী ঘটবে তা অনুমান করতে পারে
- তথ্য জানতে এবং মজার জন্য পড়তে শুরু করে অথবা বই পড়ে শোনাতে বলে
- খেলার সময় বা কথোপকথনের সময় গল্পের ভাষা ব্যবহার করে (যেমন ড্রাগন বললো “আমি উড়তে পারি!” “আমি উড়তে পারি!”)

## নিচু গ্রেডের স্কুলগামী শিশু (বয়স 6–7 বছর)

- **বানানের** নিয়ম শেখে
- একনজরে দেখার মাধ্যমে চিনতে পারা শব্দের সংখ্যা বাড়তে থাকে
- **পড়ার গতি ও সাবলীলতা** উন্নত হয়
- অপরিচিত শব্দ উচ্চারণ করা এবং বুঝতে পারার জন্য প্রসঙ্গের ইঙ্গিত ব্যবহার করে
- বোধগম্য না হওয়া কোনো শব্দ বা বাক্য পিছনে ফিরে গিয়ে আবার পড়ে (স্বীয়-পর্যবেক্ষণ)
- তারা যা পড়ছে সেগুলোর সঙ্গে ব্যক্তিগত অভিজ্ঞতা, তাদের পড়া অন্যান্য বই এবং বিশ্বের ঘটনা সম্পর্কযুক্ত করে

## উঁচু গ্রেডের স্কুলগামী শিশু (বয়স 8–10 বছর)

- তৃতীয় গ্রেডে, পড়তে শেখা থেকে শেখার জন্য পড়ার অবস্থায় আসে
- একাধিক পদাংশ বিশিষ্ট শব্দ নির্ভুলভাবে পড়ে
- উপসর্গ, প্রত্যয় ও বিভক্তি, এবং মূল শব্দ সম্পর্কে জানতে পারে, যেমন *উপহার, পরিহার* এবং *আহার*
- বিভিন্ন উদ্দেশ্যে পড়ে (উপভোগের জন্য, নতুন কিছু শেখার জন্য, দিকনির্দেশনা বুঝতে পারার জন্য, ইত্যাদি)
- বিভিন্ন ধরনের ঘরানা অন্বেষণ করে

© 2023 Understood for All, Inc.

- কোনো গল্পের পরিবেশ, চরিত্র, সমস্যা/সমাধান, ও প্লট বর্ণনা করতে পারে
- কোনো গল্পের ঘটনার পর্যায়ক্রম শনাক্ত এবং সারসংক্ষেপ করে
- মূল বিষয়বস্তু শনাক্ত করে এবং কম গুরুত্বপূর্ণ বিষয়বস্তুগুলো শনাক্ত করা শুরু করতে পারে
- পাঠ্য থেকে পাওয়া সূত্র এবং আগের জ্ঞানকে কাজে লাগিয়ে অনুমান করতে পারে ("উহ্য বিষয়বস্তু বুঝতে পারে")
- বিভিন্ন পাঠ্যের থেকে পাওয়া তথ্যের মধ্যে তুলনা ও পার্থক্য করে
- লেখা সম্পর্কে প্রশ্নের উত্তর দেওয়ার সময় সেটিতে থাকা প্রমাণ উল্লেখ করে
- উপমা, রূপক এবং অন্যান্য বর্ণনামূলক পদ্ধতি বুঝতে পারে

## মিডল স্কুল ও হাই স্কুলের শিক্ষার্থী

- শব্দভাণ্ডার সমৃদ্ধ করতে থাকে এবং আরো জটিল পাঠ্য পড়ে
- চরিত্রগুলো কীভাবে পরিণত হয়ে উঠে, একে অপরের সঙ্গে যোগাযোগ করে এবং প্লটকে এগিয়ে নিয়ে যায় তা বিশ্লেষণ করে
- বিষয়বস্তু নির্ণয় করতে পারে এবং পাঠ্যের সাথে সাথে সেগুলো কীভাবে পরিণতি লাভ করে তা বিশ্লেষণ করে
- পাঠ্যের বিশ্লেষণকে সমর্থন করতে পাঠ্য থেকে পাওয়া প্রমাণ ব্যবহার করে
- পাঠ্যের মধ্যে থাকা কল্পনাপ্রসূত ও প্রতীকী বিষয় শনাক্ত করতে পারে
- পাঠ্য থেকে ধারণা বিশ্লেষণ, সংশ্লেষণ ও মূল্যায়ন করে
- ব্যঙ্গরচনা, বিদ্রূপ, পরিহাস এবং অবমূল্যায়ন বোঝে

মনে রাখবেন যে কিছু স্কুলে বিভিন্ন গ্রেডে বিভিন্ন দক্ষতার উপর জোর দেয়। তাই, পাঠ করার ক্ষেত্রে একটি শিশুর প্রতিক্রিয়া কেমন সেদিকেও লক্ষ্য করুন। উদাহরণস্বরূপ, যেসব শিশু পাঠের ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হয় **তাদেরকে পড়তে বলা হলে তারা বিচলিত হয়ে পড়তে পারে**।

যদি আপনি পাঠের দক্ষতার ব্যাপারে উদ্বিগ্ন হন, তাহলে **কিছু শিশু, পাঠের ক্ষেত্রে কেন অসুবিধার সম্মুখীন হচ্ছে তা খুঁজে বের করুন**।

## লেখক

**আমান্ডা মোরিন** "The Everything Parent's Guide to Special Education (দ্য এভরিথিং প্যারেন্ট'স গাইড টু স্পেশাল এডুকেশন)"-এর রচয়িতা এবং Understood (আন্ডারস্টুড)-এ থট লিডারশিপ এর প্রাক্তন ডিরেক্টর। একজন বিশেষজ্ঞ ও লেখক হিসেবে, তিনি Understood-এর শুরুর দিনগুলো থেকে এটিকে গড়ে তুলতে সাহায্য করেছেন।

## পর্যালোচক

**গিনি ওসওয়াল্ট** এলিমেন্টারি এবং বিশেষ শিক্ষা উভয় ক্ষেত্রেই সার্টিফিকেট পাওয়া একজন শিক্ষক, যার সাধারণ শিক্ষা, অন্তর্ভুক্তি, রিসোর্স রুম এবং স্বতন্ত্র পরিবেশ ইত্যাদি নিয়ে 15 বছরেরও বেশি অভিজ্ঞতা রয়েছে।



EQUAL OPPORTUNITY SCHOOLS | Understood®